## আবেদনের বিস্তারিত শর্তাবলি এবং
## অনলাইনে আবেদনপত্র পূরণ ও SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান সংক্রান্ত নিয়মাবলি:

১। ''জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১'' অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক নন এরূপ ব্যক্তিকে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

৩। আবেদনকারীর বয়স ২৫ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে ১৮ থেকে ৩০ বছর এর মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। এস.এস.সি/সমমান পরীক্ষার সনদপত্রের ভিত্তিতে বয়স যাচাই করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য হবে না। সরকারের সর্বশেষ নির্দেশনা/বিধি অনুযায়ী সনদ/গ্রেডের ইকুইভ্যালেন্স যাচাই করা হবে।

৪। সরকারের সর্বশেষ আদেশ/নীতিমালা/পরিপত্র/বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যা, নারী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তি পত্র (ছাড়পত্র) দাখিল করতে হবে।

৬। **আবেদনপত্র পূরণের নিয়মাবলিঃ**

ক) আগ্রহী প্রার্থীগণ http://nsda.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২১ সেপ্টেম্বর ২০২১ খ্রি. সকাল ০৯:০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০ অক্টোবর ২০২১ খ্রি. বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ (টেলিটক সার্ভিস চার্জ ব্যতীত) ১ থেকে ৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ৭০০/- (সাতশত) টাকা, ৭ ও ৮ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা, ৯ থেকে ১২ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ১৩ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে (টেলিটক সার্ভিস চার্জসহ টাকার অংক নিম্নোক্ত ছকে বর্ণিত আছে)। এখানে বিশেষভাবে উল্লেখ্য, **''Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না''**। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

| পদ | পরীক্ষার ফি | টেলিটক সার্ভিস চার্জ | মোট |
|---|---|---|---|
| ১ থেকে ৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদ | ৭০০/- | ৮৪/- | ৭৮৪/- |
| ৭ ও ৮ নম্বর ক্রমিকে বর্ণিত পদ | ৫০০/- | ৬০/- | ৫৬০/- |
| ৯ থেকে ১২ নম্বর ক্রমিকে বর্ণিত পদ | ১০০/- | ১২/- | ১১২/- |
| ১৩ নম্বর ক্রমিকে বর্ণিত পদ | ৫০/- | ৬/- | ৫৬/- |

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

খ) প্রার্থীর নাম ও পিতা/মাতার নাম এস.এস.সি/সমমান পরীক্ষার সনদপত্রে যে ভাবে উল্লেখ আছে আবেদনপত্রে হুবহু সে ভাবে লিখতে হবে।

গ) Online এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

ঘ) অনলাইনে আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

ঙ) Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন Submit সম্পন্ন করা প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

চ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:**

1st SMS: NSDA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: NSDA ABCDEF

Reply: Applicant's Name, Tk- 784/560/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NSDA<Space>Yes<Space>PIN and send to 16222.

2nd SMS: NSDA<space> Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: NSDA YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for NSDA Application for post xxxxxxxxxx. User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

ছ) উল্লেখ্য, ফি প্রদানের পর প্রার্থী আবেদনপত্রে প্রদত্ত তার নিজস্ব মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে User ID এবং Password পাবেন। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nsda.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যম (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

জ) SMS এর মাধ্যমে প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

**For lost password:**

i. User ID জানা থাকলে NSDA<space>Help<space>User<space>User ID & Send to 16222 নম্বরে।
*Example: NSDA Help User ABCDEF*

ii. PIN Number জানা থাকলে NSDA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222 নম্বরে।
*Example: NSDA Help PIN 12345678*

ঞ) প্রার্থীকে আবেদনের সময় প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

i. সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ।

ii. কম্পিউটারের ব্যবহারিক জ্ঞানের সমর্থনে প্রযোজ্য ক্ষেত্রে দক্ষতা ও অভিজ্ঞতার সনদ।

iii. চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত জাতীয়তার সনদ (জাতীয়তার সনদ না থাকার ক্ষেত্রে নাগরিকত্বের সনদ)।

iv. জাতীয় পরিচয়পত্র (জাতীয় পরিচয়পত্র না থাকার ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদপত্র)।

v. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

vi. কোটাভুক্ত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপত্র/প্রমানক। মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্র ও প্রমানক এ সংক্রান্ত সর্বশেষ সরকারি নির্দেশনা মোতাবেক হতে হবে। মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থীদের মাতা-পিতার জাতীয় পরিচয়পত্রও মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

vii. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্র/ছাড়পত্র।

viii. Applicant's Copy এর রঙ্গিন প্রতিলিপি এবং নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র।

৭। কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। যে কোন আবেদন গ্রহণ/বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার প্রবেশপত্র ইস্যু করতে বাধ্য থাকবে না। নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্ষদ বা চিকিৎসক কর্তৃক স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলে প্রত্যয়িত না হলে এবং তার পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে চাকরিতে নিয়োগ লাভের জন্য উপযুক্ত না হলে তিনি নিয়োগপ্রাপ্ত হবেন না। চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সরকারের সর্বশেষ আইন, বিধি ও নীতি অনুসরণ করা হবে।

১০। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা alljobs.query@teletalk.com.bd এবং ad.admin@nsda.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: NSDA, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১১। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১২। এনএসডিএ নিয়োগ পরীক্ষা-২০২১ এর বিজ্ঞপ্তি, আবেদনপত্র পূরণ ও SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান সংক্রান্ত নিয়মাবলি, নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন/সংযোজন (যদি থাকে) এবং পদভিত্তিক নিয়োগ পরীক্ষার সময়সূচি ও আসনবণ্টনসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এনএসডিএ এর ওয়েবসাইটে (www.nsda.gov.bd) এবং ফেইসবুক পেইজে (National Skills Development Authority, Bangladesh) পাওয়া যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

---o---